

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

০১/১০/২০১৪ খ্রিষ্টাব্দ

তারিখঃ -----  
১৬/০৬/১৪২১ বঙ্গাব্দ

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/২সি-০১/২০০৫/ ১৫১৩

বিষয়ঃ নোয়াখালী মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস), নোয়াখালী প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধিঃ/প্রশা-৩/ছাড়পত্র-২,১/৯৮/২০৮৩, তারিখঃ ০৮/০৫/২০১৪খ্রিঃ।  
(২) ম্যাটস, নোয়াখালী এর স্মারক নং-ম্যাটস/নোয়া/১৪/১, তারিখঃ ২১/০৮/২০১৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০. ০০. ০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক নোয়াখালী মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস), নোয়াখালী প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন ক্যাটাগরির ৩য় ও ৪র্থ শ্রেণির সর্বমোট ২৯টি শূন্য পদের মধ্যে ৩টি পদ বদলিজনিত কারণে শূন্য থাকায় এবং নিয়োগবিধি ও পদ সৃষ্টির জি,ও না থাকায় অডিও ভিজুয়েল অপারেটর এর ১টি পদসহ মোট ৪টি বাদ দিয়ে অবশিষ্ট নিম্ন-বর্ণিত (২৯-৪)টি= ২৫টি পদের মধ্যে নিয়মানুযায়ী ১০% হারে ৩টি পদ সংরক্ষণ রেখে (২৫-৩)টি=২২ টি পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে এবং পদোন্নতিযোগ্য পদে সরাসরি নিয়োগ করা যাবে না মর্মে শর্ত আরোপ করে এবং অস্থায়ী পদসমূহ(যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ সাপেক্ষে নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে সংরক্ষিত পদ
নোয়াখালী মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস), নোয়াখালী	১	লাইব্রেরিয়ান	০১(এক)টি	০১(এক)টি	
	২	আর্টিস্ট	০১(এক)টি	০১(এক)টি	
	৩	টেকনিশিয়ান	০১(এক)টি	০১(এক)টি	
	৪	ড্রাইভার	০১(এক)টি	০১(এক)টি	
	৫	অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক	০৩(তিন)টি	০৩(তিন)টি	
	৬	ইনস্ট্রুমেন্ট কেয়ার টেকনিশিয়ান	০১(এক)টি	০১(এক)টি	
	৭	টেক্সিডারমিস্ট	০১(এক)টি	০১(এক)টি	
	৮	এমএলএসএস	১০(দশ)টি	০৮(আট)টি	০২(দুই)টি
	৯	কুক/মশালচী	০৪(চার)টি	০৩(তিন)টি	০১(এক)টি
	১০	সুইপার	০১(এক)টি	০১(এক)টি	
	১১	ডোম	০১(এক)টি	০১(এক)টি	
			২৫(পঁচিশ)টি	২২(বাইশ)টি	০৩(তিন)টি

২। উল্লেখ্য, প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যা গড়মিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সে ক্ষেত্রে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।

অনুলিপিঃ

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ম্যাটস, নোয়াখালী।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।